ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৬২৭</u>
আগরতলা, ৮ মে, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

২৪ এপ্রিল, ২০২৫ দৈনিক সংবাদ পত্রিকায় মেলাঘরের অঙ্গনওয়াড়ি কেন্দ্রে চুরির ঘটনা সম্পর্কে যে সংবাদ প্রকাশিত হয়েছে সে সম্পর্কে রাজ্য পুলিশের এআইজি স্পষ্টিকরণ দিয়েছেন। তিনি জানিয়েছেন উক্ত ঘটনায় মেলাঘর থানায় Case No. 2025 MLG020, (তারিখ ০১/০৫/২০২৫) U/S-331 (4) 305 BNS মূলে যে মামলাটি দায়ের হয়েছে তার আইও ঘটনাস্থল পরিদর্শন করেন এবং ইন্দিরানগর অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মী সীমা নম, যিনি অভিযোগটি দায়ের করেন এবং স্থানীয় লোকেদের সাথে কথাবার্তা বলেন। তাদের মধ্যে কেউ কোন সন্দেহভাজন ব্যক্তির নাম দিতে পারেননি। তথাপি পুলিশ অপরাধীদের ধরার জন্য এবং চুরি যাওয়া মাল উদ্ধারের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। মেলাঘর থানার ওসি তার দপ্তরের গোয়েন্দা শাখা এবং অন্যান্য সমস্ত নির্ভরযোগ্য সোর্সকে কাজে লাগিয়েছেন। রাতের পেট্রোলিং জোরদার করা হয়েছ। বিশেষ করে নিরিবিলি এলাকাগুলিকে যাতে এরকম ঘটনা ভবিষ্যতে এড়ানো যায়।

*****